জাতীয় বিশ্ববিদ্যালয়
গাজীপুর-১৭০৪

স্মারক নং- ১৬(৭৫১)জাতী:বি:/রেজি:/অ্যাকা:/মাস্টার্স শেষ পর্ব (নিয়মিত) ভর্তি/২০১৩-২০১৪/৩২১২ তারিখ: ২৪/১২/২০১৫

২০১৩-২০১৪ শিক্ষাবর্ষে মাস্টার্স শেষ পর্ব (নিয়মিত) কোর্সের ভর্তি বিজ্ঞপ্তি

ভর্তি বিষয়ক ওয়েবসাইট

(www.nu.edu.bd/admissions অথবা admissions.nu.edu.bd)

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজসমূহে ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষে **মাস্টার্স শেষ পর্ব (নিয়মিত)** কোর্সে অনলাইনে ভর্তি কার্যক্রমের প্রাথমিক আবেদন আগামী **২৮ ডিসেম্বর ২০১৫ তারিখ বিকাল ৪টা থেকে শুরু হয়ে ৯ জানুয়ারি ২০১৬ তারিখ** রাত ১২টা পর্যন্ত চলবে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট থেকে আগ্রহী প্রার্থীদের উক্ত আবেদন ফরম পূরণ করে প্রাথমিক আবেদন ফি **বাবদ ৩০০/- (তিনশত)** টাকা **সংশ্লিষ্ট কলেজে ১০ জানুয়ারি ২০১৬** তারিখের মধ্যে অবশ্যই জমা দিতে হবে।

২০১৩-২০১৪ শিক্ষাবর্ষে মাস্টার্স শেষ পর্ব (নিয়মিত) কোর্সের **ভর্তি কার্যক্রমে আবেদনকারী প্রার্থীদের কোন ভর্তি পরীক্ষা দিতে হবে না।** তাদের স্নাতক (পাস) ও মাস্টার্স ১ম পর্ব (নিয়মিত)/স্নাতক (সম্মান) পরীক্ষার ফলাফলের ভিত্তিতে প্রতিটি কলেজের জন্য আলাদাভাবে মেধা তালিকা প্রণয়ন করা হবে। ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট **(www.nu.edu.bd/admissions অথবা admissions.nu.edu.bd)** এ প্রদর্শিত ভর্তি নির্দেশিকা থেকে জানা যাবে।

১। আবেদনের সাধারণ যোগ্যতা

ক) জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় ন্যূনতম তৃতীয় শ্রেণীতে উত্তীর্ণ অথবা তিন বছর মেয়াদী স্নাতক (পাস) ও স্নাতকোত্তর প্রথম পর্ব (নিয়মিত) পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।

খ) জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক (পাস)/সার্টিফিকেট কোর্সে প্রাইভেট পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীরা ভর্তির জন্য আবেদন করতে পারবে না।

২। ভর্তি পদ্ধতি, নম্বর বন্টন ও ফলাফল

ক) প্রতিটি কলেজের জন্য আলাদাভাবে মেধা তালিকা তৈরী করে প্রার্থীদের বিষয় পছন্দের ভিত্তিতে ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষে **মাস্টার্স শেষ পর্ব (নিয়মিত)** কোর্সের বিষয় বরাদ্দ দেয়া হবে।

খ) **একই প্রতিষ্ঠান/কলেজে একই বিষয়ে দুই বা ততোধিক আবেদনকারীর মেধা স্কোর সমান হলে সেক্ষেত্রে এ সকল আবেদনকারীর** স্নাতক (পাস) ও স্নাতকোত্তর প্রথম পর্ব (নিয়মিত)/**স্নাতক (সম্মান) পরীক্ষায় প্রাপ্ত নম্বর এবং বয়সের নিম্নক্রম অনুসারে মেধাক্রম নির্ধারণ করা হবে।**

গ) **ভর্তির ফলাফল পর্যায়ক্রমে ১ম মেধা তালিকা, শূন্য আসন সাপেক্ষে ২য় মেধা তালিকা, কোটা এবং রিলিজ স্লিপের মাধ্যমে প্রকাশ করা হবে।**

ঘ) **সংশ্লিষ্ট কলেজ User ID, Password ও OTP ব্যবহার করে ভর্তির বিষয়ওয়ারী ফলাফল দেখতে পারবে। শিক্ষার্থীরা ভর্তি সংশ্লিষ্ট ওয়েবসাইট (www.nu.edu.bd/admissions** অথবা **admissions.nu.edu.bd) এবং SMS (nu<space>atmf<space>roll no টাইপ করে 16222 নম্বরে send করতে হবে) এর মাধ্যমে অথবা সংশ্লিষ্ট কলেজ থেকে ফলাফল জানতে পারবে।**

২। আবেদনকারীর প্রাথমিক আবেদন ফরম পূরণ সম্পর্কিত করণীয়

ক) আবেদনকারীকে নির্দিষ্ট ওয়েবসাইটে **(www.nu.edu.bd/admissions অথবা admissions.nu.edu.bd)** Masters tab এ গিয়ে **Apply Now (Masters Reg.)** অপশনে ক্লিক করতে হবে এবং ওয়েবসাইটে প্রদর্শিত তথ্য ছকে প্রার্থীর স্নাতক পর্যায়ের পরীক্ষার রোল নম্বর, শিক্ষা বোর্ড ও পাসের সন সঠিকভাবে এন্ট্রি দিতে হবে।

খ) ডাটাবেজে সংরক্ষিত তথ্য অনুযায়ী আবেদনকারীর তথ্য ছকে Male এর স্থলে Female বা Female এর স্থলে Male প্রদর্শিত হলে **Click to Change** অপশনে গিয়ে সঠিক তথ্যটি দিতে হবে।

গ) এ পর্যায়ে আবেদনকারী তার ভর্তি যোগ্য (Eligible) বিষয় দেখতে পাবে। আবেদনকারী তার পছন্দ অনুযায়ী বিভাগ ও জেলাওয়ারী যে কোন কলেজের নাম **Select** করলে সংশ্লিষ্ট কলেজে মাস্টার্স শেষ পর্ব (নিয়মিত) কোর্সের ভর্তি যোগ্য বিষয়ের নাম ও আসন সংখ্যা দেখতে পাবে।এই তালিকা থেকে প্রার্থীকে সর্তকতার সংগে তার প্রার্থিত বিষয়ের পছন্দ নির্ধারণ করতে হবে।

ঘ) মুক্তিযোদ্ধার সন্তান/ আদিবাসি/ প্রতিবন্ধী/পোষ্য (Ward) কোটায় ভর্তি হতে ইচ্ছুক শিক্ষার্থীকে তথ্য ছকের নির্দিষ্ট স্থানে তার জন্য প্রযোজ্য কোটা **Select** করতে হবে। কোটায় আবেদনের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের ইস্যুকৃত মূল সনদপত্র থাকতে হবে। একজন প্রার্থী এক বা একাধিক কোটায় যোগ্য হলে কোটার পছন্দক্রম নির্ধারণ করে দিতে হবে।

ঙ) ফরম পূরণের সময় আবেদনকারীর পাসপোর্ট আকারে সম্প্রতি তোলা রঙ্গিন ছবি **Scan** করে আপলোড করতে হবে। ছবির মাপ হবে ১২০×১৫০ pixels, Image Type: jpg এবং maximum file size:50Kb.

চ) সঠিক তথ্য ও ছবিসহ ছক পূরণ করে **Submit Application** অপশনে ক্লিক করতে হবে। এ পর্যায়ে আবেদনকারীর রোল নম্বর ও পিন কোড প্রদর্শিত হবে এবং আবেদনকারীকে ফরমটি ডাউনলোড করে [**A4** (8.5”×11”) অফসেট সাদা কাগজে] প্রিন্ট (Print) নিতে হবে।

ছ) আবেদন ফরম সংশ্লিষ্ট কলেজে জমাদানের পূর্বে কোন প্রার্থী তার প্রাথমিক আবেদন ফরমটি বাতিল/ত্রুটিপূর্ণ ছবি পরিবর্তন করতে ইচ্ছুক হলে তাকে Applicant’s Login (Master Reg.) অপশনে গিয়ে আবেদন ফরমের রোল নম্বর ও পিন এন্ট্রি দিতে হবে। এ পর্যায়ে আবেদনকারীকে Form Cancel/Photo Change Option এ গিয়ে Click to Generate OTP অপশনটি ক্লিক করতে হবে। এ সময়ে প্রার্থী তার আবেদন ফরমে উল্লিখিত ব্যক্তিগত মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে One Time Password (OTP) পাবে। এই OTP এন্ট্রি দিয়ে শিক্ষার্থী তার আবেদন ফরমটি বাতিলপূর্বক নতুন করে আবেদন ফরম পূরণ ও ছবি আপলোড করতে পারবে।

জ) কলেজ কর্তৃক প্রাথমিক আবেদন ফরম নিশ্চয়ন করার পর আবেদন ফরম বাতিল/ছবি পরিবর্তনের আর কোন সুযোগ থাকবে না।

ঝ) আবেদনকারীকে প্রিন্ট করা প্রাথমিক আবেদন ফরমটির নির্ধারিত স্থানে স্বাক্ষর করতে হবে। এই আবেদন ফরমের সংগে প্রার্থীর স্নাতক পর্যায়ে পরীক্ষার সত্যায়িত নম্বরপত্র, রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত কপি ও প্রাথমিক আবেদন **ফি বাবদ ৩০০/- (তিনশত) টাকা** সংশ্লিষ্ট কলেজে নির্ধারিত সময়ের মধ্যে জমা দিতে হবে। প্রাথমিক আবেদন ফরমটির দ্বিতীয় অংশ সংশ্লিষ্ট কলেজ অধ্যক্ষ/দায়িত্বপ্রাপ্ত শিক্ষকের স্বাক্ষর ও সীলসহ শিক্ষার্থীকে ফেরত দেয়া হবে। সংশ্লিষ্ট কলেজ যে সকল প্রাথমিক আবেদন ফরম online-এ নিশ্চয়ন করবে সে সকল প্রার্থী তাদের মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে তা জানতে পারবে।

৩। কলেজ কর্তৃপক্ষের করণীয়

ক) জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক বরাদ্দকৃত User ID ও Password দিয়ে সংশ্লিষ্ট কলেজ তাদের ভর্তি কার্যক্রম পরিচালনার জন্য Login করবে। প্রাথমিক আবেদন ফরম ও ভর্তি নিশ্চয়নের সময় Click to Generate OTP অপশনে গিয়ে ক্লিক করলে সংশ্লিষ্ট কলেজ কর্তৃক প্রদত্ত মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে /কলেজের E-mail এর মাধ্যমে One Time Password (OTP) পাবে। এই OTP ব্যবহার করে শিক্ষার্থীর ভর্তি নিশ্চয়ন করা যাবে।

খ) কলেজ কর্তৃপক্ষকে প্রাথমিক আবেদন ফরম নিশ্চয়নের পূর্বে আবেদন ফরমে প্রদর্শিত প্রার্থীর সকল তথ্য ও ছবি যাচাই করে নিতে হবে। কোন প্রাথমিক আবেদন ফরমে প্রার্থীর তথ্য বা ছবির অসংগতি পাওয়া গেলে কলেজ কর্তৃক আবেদন ফরমটি নিশ্চয়ন না করে শিক্ষার্থীকে অনলাইনে আবেদন ফরমটি বাতিলপূর্বক নতুন করে আবেদন করার পরামর্শ দিতে হবে।

গ) সংশ্লিষ্ট কলেজ আবেদনকারীর কাছ থেকে প্রাথমিক আবেদন ফি বাবদ ৩০০/- (তিনশত) টাকা জমা রেখে প্রাথমিক আবেদন ফরম নিশ্চয়ন করবে। কলেজ কর্তৃক প্রাথমিক আবেদন ফরম নিশ্চয়ন করা না হলে ঐ প্রার্থী মেধা তালিকায় স্থান পাবে না।

ঘ) সংশ্লিষ্ট কলেজ প্রাথমিক আবেদন ফি’র জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত অংশ [প্রতি আবেদনকারী থেকে ২০০/- (দুইশত) টাকা হারে] যে কোন সোনালী ব্যাংক শাখায় জমা দিবে। এ লক্ষ্যে সংশ্লিষ্ট কলেজ Login এর মাধ্যমে Application Payment Info (Masters Reg.) অপশনে ক্লিক করে Pay Slip ডাউনলোড করবে। Pay Slip এ ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষে সংশ্লিষ্ট খাতের সঞ্চয়ী হিসাব নম্বর উল্লেখপূর্বক মোট টাকার অংক লেখা থাকবে এবং এর প্রিন্ট কপি নিয়ে নিকটস্থ ‘সোনালী ব্যাংক’ এর যে কোন শাখায় জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে।

এই ভর্তি কার্যক্রমের যে কোন ধারা/নিয়মাবলীর সংশোধন, সংযোজন, পরিবর্তন বা বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

ক্লাস শুরু ঃ ২৪ জানয়ারি ২০১৬

স্বাক্ষরিত/-
(প্রফেসর ড. আনোয়ার হোসেন)
ডীন, স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র
সদস্য সচিব, মাস্টার্স ও প্রফেশনাল কোর্সসমূহে ভর্তি পরিচালনা কমিটি
ফোন : ৯২৯১০৭৪, কল সেন্টার: ০৯৬১৪-০১৬৪২৯
ই-মেইল- pgdeanoffice@gmail.com

স্মারক নং- ১৬(৭৫১)জাতী:বি:/রেজি:/অ্যাকা:/মাস্টার্স শেষ পর্ব (নিয়মিত) ভর্তি/২০১৩-২০১৪/৩২১২ তারিখ: ২৪/১২/২০১৫

অনুলিপি:

১। পরিচালক, তথ্য ও প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয় (ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)
২। পরিচালক (ভারপ্রাপ্ত), অর্থ ও হিসাব, জাতীয় বিশ্ববিদ্যালয়
৩। পরিচালক (ভারপ্রাপ্ত) জনসংযোগ, তথ্য ও পরামর্শ দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয় *(কল সেন্টার, ইলেকট্রনিক মিডিয়া ও দৈনিক পত্রিকায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)*
৪। সচিব, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
৬। সচিব, ভাইস চ্যান্সেলর দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৭। সহকারী রেজিস্ট্রার, প্রো-ভিসি (একাডেমিক) দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৮। অফিস কপি

উপ-রেজিস্ট্রার (মাস্টার্স ও প্রফেশনাল)
স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪